রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১, ২০২৬

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে ]**

**আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা**

**ও**

**রিটার্নিং অফিসারের কার্যালয়**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ ডিসেম্বর ২০২৫/২৭ অগ্রহায়ণ ১৪৩২

নং **১৭.০২.০০০০.০০০.৩৬.০৭৩.২৫-০১**—গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি, **মোঃ ইউনুচ আলী, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা ও রিটার্নিং অফিসার** এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ নং প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময় সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৪ পৌষ ১৪৩২<br>২৯ ডিসেম্বর ২০২৫ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫-২০ পৌষ ১৪৩২<br>৩০ ডিসেম্বর ২০২৫-০৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার-রবিবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ | : | ২১-২৭ পৌষ ১৪৩২<br>০৫-১১ জানুয়ারি ২০২৬ | সোমবার-রবিবার |
| আপিল নিষ্পত্তির তারিখ | : | ২৮ পৌষ-০৪ মাঘ ১৪৩২<br>১২-১৮ জানুয়ারি ২০২৬ | সোমবার-রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৬ মাঘ ১৪৩২<br>২০ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০৭ মাঘ ১৪৩২<br>২১ জানুয়ারি ২০২৬ | বুধবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মাঘ ১৪৩২**<br>**১২ ফেব্রুয়ারি ২০২৬** | **বৃহস্পতিবার** |
| ভোটগ্রহণের সময়: সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত। | | | |

২। পূর্বোল্লিখিত আদেশের **১১** অনুচ্ছেদের (৩) দফা অনুসারে ১৮৬ ঢাকা-১৩ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ১৪ পৌষ ১৪৩২/২৯ ডিসেম্বর ২০২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোনো দিনে সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয় (আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ঢাকা অঞ্চল, ঢাকা, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ইটিআই ভবন (৩য় তলা), আগারগাঁও, ঢাকা) এ এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় (আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, মোহাম্মদপুর (শিয়া মসজিদ সংলগ্ন), বাশবাড়ি রোড, ওয়ার্ড নং-৩১, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা) ও (থানা নির্বাচন অফিসারের কার্যালয়, মোহাম্মদপুর, ২৩/৬, (১৬ তলা), ব্লক-বি, মোহাম্মদপুর হাউজিং এস্টেট , মিরপুর রোড, ঢাকা-১২০৭) (শ্যামলি আশা টাওয়ার সংলগ্ন রূপায়ন সেলফোর্ড) এ মনোনয়নপত্র গৃহীত হবে।

৩। আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

**মোঃ ইউনুচ আলী**
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ঢাকা অঞ্চল, ঢাকা
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ ১৮৬ ঢাকা-১৩ আসনের নির্বাচন-২০২৫।

---

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে ]**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ ডিসেম্বর ২০২৫/২৭ অগ্রহায়ণ ১৪৩২

নং **১৭.০২.০০০০.০০০.৩৬.০৭৩.২৫-০২**—গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ **১১** এর দফা (২) অনুসারে আমি, **মোঃ ইউনুচ আলী, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা ও রিটার্নিং অফিসার** এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ নং প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময় সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৪ পৌষ ১৪৩২<br>২৯ ডিসেম্বর ২০২৫ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫-২০ পৌষ ১৪৩২<br>৩০ ডিসেম্বর ২০২৫-০৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার-রবিবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ | : | ২১-২৭ পৌষ ১৪৩২<br>০৫-১১ জানুয়ারি ২০২৬ | সোমবার-রবিবার |
| আপিল নিষ্পত্তির তারিখ | : | ২৮ পৌষ-০৪ মাঘ ১৪৩২<br>১২-১৮ জানুয়ারি ২০২৬ | সোমবার-রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৬ মাঘ ১৪৩২<br>২০ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০৭ মাঘ ১৪৩২<br>২১ জানুয়ারি ২০২৬ | বুধবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মাঘ ১৪৩২**<br>**১২ ফেব্রুয়ারি ২০২৬** | **বৃহস্পতিবার** |
| ভোটগ্রহণের সময়: সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত। | | | |

২। পূর্বোল্লিখিত আদেশের **১১** অনুচ্ছেদের (৩) দফা অনুসারে **১৮৮** ঢাকা-**১৫** নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী **১৪** পৌষ **১৪৩২**/২৯ ডিসেম্বর ২০২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোনো দিনে সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয় (আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ঢাকা অঞ্চল, ঢাকা, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ইটিআই ভবন (৩য় তলা), আগারগাঁও, ঢাকা) এ এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় (উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (সহকারী রিটার্নিং অফিসারের অস্থায়ী কার্যালয়: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ২৯, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭) ও (থানা নির্বাচন অফিসার, থানা নির্বাচন অফিসারের কার্যালয়, ১১০৩, রূপায়ন নওফা প্লাজা, ফ্ল্যাট নং-ই-৩, (৪র্থ তলা), ইব্রাহীমপুর, কাফরুল, কচুক্ষেত বাজার সংলগ্ন মেইন রোডের পাশে, ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬) এ মনোনয়নপত্র গৃহীত হবে।

৩। আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

**মোঃ ইউনুচ আলী**
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ঢাকা অঞ্চল, ঢাকা
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ **১৮৮** ঢাকা-**১৫** আসনের নির্বাচন-২০২৫।

---

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ ডিসেম্বর ২০২৫/২৭ অগ্রহায়ণ ১৪৩২

নং **১৭.০২.০০০০.০০০.৩৬.০৭৩.২৫-০৩**—গণভোট অধ্যাদেশ, ২০২৫-এর ধারা ৫ অনুসারে আমি **মোঃ ইউনুচ আলী, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল ঢাকা, ও রিটার্নিং অফিসার** এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, গণভোট প্রদানের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৮, ১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিনে এতদ্বারা পৃথক ব্যালট পেপারের মাধ্যমে গণভোট অনুষ্ঠানের সময়সূচি ঘোষণা করেছেন:

সে লক্ষ্যে আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে জাতীয় সংসদের জন্য, নির্ধারিত পদ্ধতিতে, গোলাপী রং এর পৃথক ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে গণভোট অনুষ্ঠিত হবে।

**মোঃ ইউনুচ আলী**
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ঢাকা অঞ্চল, ঢাকা
ও
রিটার্নিং অফিসার
১৮৬ ঢাকা-১৩।

---

**আর্মড পুলিশ ব্যাটালিয়ন হেডকোয়ার্টার্স**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **এপিবি. হে. কো./রেকর্ড-২০২৫/১১১৫৩**—১০ এপিবিএন, বরিশালে কর্মরত জনাব মোঃ দেলোয়ার হোসেন, বিপি-৬৭৮৬০৯৪০৫১, সশস্ত্র পুলিশ পরিদর্শক এর জন্ম তারিখ: ০১-০১-১৯৬৭ অনুযায়ী আগামী ৩১-১২-২০২৫ খ্রি. বয়স ৫৯ বছর পূর্ণ হওয়া সাপেক্ষে তার আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১-১২-২০২৫ খ্রি. তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশালের স্মারক নং-৬৯০, তারিখ:২৪-১১-২০২৫ মূলে প্রেরিত প্রত্যয়নপত্র অনুযায়ী উক্ত কর্মকর্তার অর্জিত ছুটি পাওনা থাকায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ-১০ এর ২(ক) মোতাবেক ০১-০১-২০২৬ হতে ৩১-১২-২০২৬ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাস পূর্ণ গড়বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোঃ আলী হোসেন ফকির**
অতিরিক্ত আইজি।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।**

**আদেশ**

তারিখ: ২৪ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.২০০০.২০২.৪৪.০১.২০২২.৭২৩৬**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রামে কর্মরত নিম্নোক্ত ছকে বর্ণিত রাজস্ব কর্মকর্তাকে কলাম (০৪) এ বর্ণিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | বর্তমান কর্মস্থল | বদলি/পদস্থকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) |
| ১. | জনাব স্নিগ্ধা ইসলাম<br>জন্ম তারিখ: ০২-১১-১৯৮৬ | কাপ্তাই সার্কেল | সদর দপ্তর |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সাইফুর রহমান**
অতিরিক্ত কমিশনার
কমিশনারের পক্ষে।

---

**আদেশ**

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.২০০০.২০২.৪৩.০১.২০২১.৭১৮৮**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এ কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে তাঁদের নামের পার্শ্বে কলাম (০৩) এ বর্ণিত কর্মস্থল হতে (০৪) এ বর্ণিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলি/পদস্থকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (০২) | (০৩) | (০৪) |
| ১ | জনাব মোঃ শাহাদাত হোসেন (৩০০৪৩৮)<br>সহকারী কমিশনার | চান্দগাঁও বিভাগ | সদর দপ্তর |
| ২ | জনাব মোঃ আবদুল হাকিম হাওলাদার<br>সহকারী কমিশনার<br>জন্ম তারিখ: ০৪-০৫-১৯৬৮ খ্রি. | সদর দপ্তর | চান্দগাঁও বিভাগ |
| ৩ | জনাব অসিত কুমার আচার্য্য<br>সহকারী কমিশনার (চলতি দায়িত্ব)<br>জন্ম তারিখ: ০৬-০৪-১৯৬৭ খ্রি. | সদর দপ্তর | বান্দরবান বিভাগ |

০২। বিভাগীয় দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পদস্থকৃত বিভাগীয় দপ্তরের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**শওকত আলী সাদী**
কমিশনার।

---

**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৮.০৪.০০০০.০০৬.১৯.২০২.২০.৬২৫৬**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত সহকারী পরিচালকগণকে বর্তমান কর্মস্থল হতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো:

১। জনাব মোহাম্মদ মোতালেব হোসেন, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, কাঁটাবন, ঢাকা—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ঢাকা।

২। জনাব মো: সানোয়ার হোসেন, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ঢাকা—জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, কাঁটাবন, ঢাকা।

২। বর্ণিত কর্মকর্তাগণ আগামী ০৯-১২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে অবমুক্তি গ্রহণ করবেন। অন্যথায় ০৯-১২-২০২৫ খ্রি: তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিক অবমুক্ত মর্মে গণ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মো: রেজানুর রহমান**
উপপরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল.এ কেস নং: ২১/২০১৫-১৬**
**ফরম-'ঘ'**
**"ঘোষণা"**
**[ ১১ (২) ধারা মোতাবেক ]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি চাঁদপুর জেলার "চাঁদপুর সদর উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) নির্মাণ" এর জন্য ৫৪ নং সেনগাঁও মৌজায় ভূমি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ১৯৮২ এর (১৯৮২ সনের ০২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা প্রদান করা হবে মর্মে অনুমতি রয়েছে।

সেহেতু, উক্ত আইনের ১১ ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হয়েছে মর্মে ঘোষণা করলাম এবং অধিগ্রহণকৃত সম্পত্তি সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হলো।

**তপশিল**

জেলা: চাঁদপুর, উপজেলা: চাঁদপুর সদর, মৌজার নাম: ৫৪ নং সেনগাঁও

| খতিয়ান | দাগ | শ্রেণি | পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৬৭৮ | ১৫৫৮ | নাল | ০.১৬৫০ |
| ৩০৩ | ১৫৫৯ | নাল | ০.১০৫০ |
| ৩০৩ | ১৫৬০ | নাল | ০.০৫০০ |
| ৫৯১ | ১৫৬৮ | নাল | ০.২৯০০ |
| ৫৫৭ | ১৫৬৯ | নাল | ০.১৫০০ |
| ৫৫৬ | ১৫৭০ | নাল | ০.১৫০০ |
| ৬১৫ | ১৫৭৩ | নাল | ০.১১০০ |
| ৪৩০ | ১৫৭৪ | নাল | ০.২৪০০ |
| ১১৩ | ১৫৭৫ | নাল | ০.২৪০০ |
| | | **মোট=** | **১.৫০০ একর** |

**মোঃ নাজমুল ইসলাম সরকার**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪১.৪৮০২.০০০.০০.০০৭-২৩-৭৯৩/১(৭)**—মো: মহি উদ্দিন, পিতা: মো: আ: হামিদ, সাধারণ আসনের ইউপি সদস্য, ৪ নং ওয়ার্ড, ১নং দেওঘর ইউনিয়ন পরিষদ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ গত ৩০-১১-২০২৫ খ্রি: সকাল ৮:০০ টায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে নিজ বাড়িতে মৃত্যুবরণ (ইন্নালিল্লাহি.........................রাজিউন) করায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২)(১) উপধারা অনুযায়ী আমি আবদুল আহাদ, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) ও সহকারী কমিশনার (ভূমি), অষ্টগ্রাম, কিশোরগঞ্জ অর্পিত ক্ষমতাবলে ১নং দেওঘর ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ৩০-১১-২০২৫ খ্রি: তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**আবদুল আহাদ**
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সহকারী কমিশনার (ভূমি)
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রায়পুরা, নরসিংদী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৩০.৬৮৬৪.১১০.০২.২০৪.২৪-১০০৩**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার বাঁশগাড়ী ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের (সাধারণ আসন) নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য মোঃ আক্কাছ মিয়া, পিতা: হযরত আলী, মাতা: হোসনেয়ারা বেগম, গ্রাম: চরমেঘনা, পোঃ বাঁশগাড়ী, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী বিগত ২৩-১১-২০২৫ খ্রি. তারিখ ক্যান্সারে আক্রান্ত হয়ে নিজ বাড়িতে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি............................ রাজিউন)।

২। সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ)(সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩৫ (ঙ) এর ২ উপ-ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ মাসুদ রানা, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী উক্ত নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার বাঁশগাড়ী ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের (সাধারণ আসন) ইউনিয়ন পরিষদ সদস্য পদটি ২৩-১১-২০২৫ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ মাসুদ রানা**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নড়াইল সদর, নড়াইল।**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ: ৬ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.৬৫৭৬.০০.০১০.০৬৭.২৭-১৪৩২(১০০)**—নড়াইল জেলার নড়াইল সদর উপজেলাধীন ৪ নং আউড়িয়া ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য আব্বাস উদ্দিন, পিতা-মৃত বাহাদুর খান, মাতা-তারা বিবি, গ্রাম-নাকশী, ডাকঘর-কমলাপুর, উপজেলা-নড়াইল সদর, জেলা-নড়াইল গত ৫ ডিসেম্বর ২০২৫ তারিখ রাত আনুমানিক ৯.০০ ঘটিকায় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ (১) (ঙ) এবং একই ধারার (২) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি দেবাশীষ অধিকারী, উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইলের মৃত্যুর তারিখ হতে ৪ নং আউড়িয়া ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**দেবাশীষ অধিকারী**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা**
**ও**
**রিটার্নিং অফিসারের কার্যালয়**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ ডিসেম্বর ২০২৫/২৭ অগ্রহায়ণ ১৪৩২

নং **১৭.০২.০০০০.০০০.৩৬.০৭৩.২৫-০৪**—গণভোট অধ্যাদেশ, ২০২৫-এর ধারা ৫ অনুসারে আমি মোঃ ইউনুচ আলী, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, গণভোট প্রদানের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৮, ১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিনে এতদ্বারা পৃথক ব্যালট পেপারের মাধ্যমে গণভোট অনুষ্ঠানের সময়সূচি ঘোষণা করেছেন:

সে লক্ষ্যে আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে জাতীয় সংসদের জন্য, নির্ধারিত পদ্ধতিতে, গোলাপী রং এর পৃথক ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে গণভোট অনুষ্ঠিত হবে।

**মোঃ ইউনুচ আলী**
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ঢাকা অঞ্চল, ঢাকা
ও
রিটার্নিং অফিসার
১৮৮ ঢাকা-১৫।

তারিখ: ১২-১২-২০২৫

---

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**(প্রশাসন শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

**নং ১এ-১৮/২০১৫(অংশ)-১১৪৩২-এ**—রীট পিটিশন নং ৯৩৬৪/২০১৬ মামলায় গত ৩১-০৮-২০১৬ খ্রি. তারিখের রায় ও আদেশ এবং অত্র কোর্টের বিজ্ঞপ্তি নং ৪২৪-এ, তারিখ: ০৭-০৯-২০২৫ খ্রি. মূলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নবর্ণিত প্রশাসনিক কর্মকর্তাকে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২৩,০০০—৫৫,৪৭০/- টাকার স্কেলে (৮ম গ্রেড) অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবু বকর সিদ্দিক, প্রশাসনিক কর্মকর্তা | সুপারিনটেনডেন্ট |

২। তার উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬(১) (খ) ও (২) (খ) নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে :

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার নিয়োগের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিশ-এর মেয়াদ ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিশকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষের নিকট অসন্তোষজনক বলে মনে হয় অথবা তিনি/তারা দক্ষতা অর্জন করতে পারবেন না বলে কর্তৃপক্ষ মনে করেন তবে শিক্ষানবিশকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে তিনি/তারা পদোন্নতি প্রাপ্ত হয়েছেন কর্তৃপক্ষ তাকে/তাদেরকে সে পদে প্রত্যর্পণ করাতে পারবেন।

৩। এ পদোন্নতির আদেশ তার কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

নং-**১১৪৫১(২)-এ,**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত নিম্নবর্ণিত ০১ (এক) জন সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫-এর অনুচ্ছেদ ৭ এর (১) উপ-অনুচ্ছেদ অনুযায়ী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বৎসর পূর্তিতে, কোনো টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রাপ্ত না হওয়ায় এবং তাঁর চাকরির রেকর্ড সন্তোষজনক হওয়ায় নিম্নবর্ণিত শর্তে সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ২২০০০—৫৩০৬০/- (৯ম গ্রেড) হতে পরবর্তী উচ্চতর গ্রেডে ২৩০০০—৫৫৪৭০/- (৮ম গ্রেড) [জাতীয় বেতন স্কেল/২০১৫ এর (৯ম গ্রেড) হতে পরবর্তী উচ্চতর গ্রেডে ২৩০০০—৫৫৪৭০/- (৮ম গ্রেড)] বেতন প্রদান করা হলো।

| ক্র নং | নাম ও পদবি | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে যোগদানের তারিখ এবং বেতন গ্রেড ও স্কেল | বেতন রেজিস্টার অনুযায়ী বর্তমান বেতন গ্রেড ও স্কেল | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে (দশ) বছর পূর্তির তারিখ | উচ্চতর গ্রেড প্রাপ্যতার তারিখ এবং বেতন গ্রেড ও স্কেল |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব সুস্মিতা বসাক<br>সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০৭-০৭-২০১৫<br>জাঃ বেঃ স্কেল/০৯<br>গ্রেড-৯ম<br>১১০০০—২০৩৭০/- | জাঃ বেঃ স্কেল/১৫<br>গ্রেড-৯ম<br>২২০০০—৫৩০৬০/- | ০৬-০৭-২০২৫ | ০৭-০৭-২০২৫<br>জাঃ বেঃ স্কেল/১৫<br>গ্রেড-৮ম<br>২৩০০০—৫৫৪৭০/- |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১১ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

নং $\frac{ই}{১}$/**২ কল-২৪/২০২৫/১১৭৪২(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব মোছাঃ উম্মে নাসরীন এর জন্ম তারিখ ৩১-১২-১৯৬৬ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্তিতে ৩০-১২-২০২৫ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়েছে।

২। উপরোল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ৩১-১২-২০২৫ খ্রিঃ তারিখ হতে ৩০-১২-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং $\frac{ই}{১}$/**২ কল-২৬/২০২৫/১১৭৪১(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব এ,এ,এম, মোজাহিদুল ইসলাম এর জন্ম তারিখ ০১-০১-১৯৬৭ খ্রিঃ বিধায়

সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ৩১-১২-২০২৫ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়েছে।

২। উপরোল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০১-০১-২০২৬ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **ই/১/২ কল-২৫/২০২৫/১১৭৫১(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সিনিয়র সুপারিনটেনডেন্ট জনাব রেহানা আক্তার এর জন্ম তারিখ ০১-০১-১৯৬৭ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ৩১-১২-২০২৫ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়েছে।

২। উপরোল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০১-০১-২০২৬ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**মোঃ মেসবাহ উদ্দিন খান**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারঃ)।

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৫ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

নং **১ই-৪৩০/২০১৭/১১৮৯৩-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত প্রশাসনিক কর্মকর্তাকে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২৩,০০০—৫৫,৪৭০/- টাকা বেতন স্কেলে (৮ম গ্রেড) অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কোর্ট কীপার পদে পদোন্নতি প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১। | জনাব মাজহারুল ইসলাম রুবেল, প্রশাসনিক কর্মকর্তা | কোর্ট কীপার |

২। তাঁর উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬(১) (খ) ও (২) (খ) এর নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবেঃ

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োগের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিশ-এর মেয়াদ দুই বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিশকালে তাঁর কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষ অসন্তোষজনক অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে মনে করেন তবে শিক্ষানবিশকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন সে পদে প্রত্যর্পণ করাতে পারবেন।

৩। এ পদোন্নতির আদেশ কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং**
**নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ**
**(এসএসআইএসএস) প্রকল্প**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪৩২/১৫ ডিসেম্বর ২০২৫

নং **৫২.০১.০০০০.৬৩৫.১৪.৩২২.২৫.৫০৬**—পরিসংখ্যান আইন-২০১৩ এর ধারা ১২, ১৩ ও ১৮ মোতাবেক উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপের জন্য শিল্প প্রতিষ্ঠানসমূহ হতে ২০২৪-২০২৫ অর্থ-বছরের তথ্যাবলি সংগ্রহকল্পে উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ CAPI(Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে পরিচালিত হবে। উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর ফরম/তফসিল/প্রশ্নপত্র/রিটার্ন ও তৎসম্পর্কিত নোটিশ শিল্প প্রতিষ্ঠানসমূহের মালিক/সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অবগতির জন্য এতদসঙ্গে প্রকাশ করা হইলো।

**মোহাম্মদ মিজানুর রহমান**
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)।

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং**
**নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ (এসএসআইএসএস) প্রকল্প**
**পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-বি)**
**ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।**

**পরিসংখ্যান আইন ২০১৩ মোতাবেক 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫' এর রিটার্ন দাখিল করিবার নোটিশ**

স্মারক নং **৫২.০১.০০০০.৬৩৫.১৪.৩২২.২৫.৫০৫**

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২/১৫ ডিসেম্বর ২০২৫

স্বত্বাধিকারী/প্রধান নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার
.......................................................
.......................................................

**বিষয় : উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ এর রিটার্ন দাখিলের নোটিশ।**

এতদদ্বারা আপনাকে জানানো যাইতেছে যে, পরিসংখ্যান আইন-২০১৩ এর ধারা ১২, ১৩ ও ১৮ মোতাবেক উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপের জন্য শিল্প প্রতিষ্ঠানসমূহ হতে ২০২৪-২০২৫ অর্থবছরের তথ্যাবলি সংগ্রহকল্পে উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে পরিচালিত হবে। পরিসংখ্যান আইন ২০১৩ এর ১২ ও ১৩ ধারা মোতাবেক এতদসঙ্গে প্রেরিত দুই কপি জরিপ ফরম/তফসিল/প্রশ্নপত্র এর মধ্যে এক কপি জরিপ ফরম/তফসিল/প্রশ্নপত্রে ২০২৪ সালের জুলাই হইতে ২০২৫ সালের জুন মাস পর্যন্ত অর্থাৎ গত ২০২৪-২০২৫ অর্থ বছরের কিংবা তাহার পূর্বে আরম্ভ হইয়া উক্ত সময়ের মধ্যে সমাপ্ত হিসাব বৎসরে বিভিন্ন তথ্যাবলি যথারীতি প্রদান করতঃ উক্ত নোটিশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০২। পরিসংখ্যান আইন-২০১৩ এর ১২ নং ধারার (১) নং উপধারায় বিধান রহিয়াছে যে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ব্যুরোর চাহিদা অনুযায়ী যে কোনো ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ উহাদের নিকট সংরক্ষিত তথ্য, ইত্যাদি ব্যুরোকে প্রদান করিতে বাধ্য থাকিবে। উক্ত আইনের ১৩নং ধারায় বিধান রহিয়াছে যে, এই আইনের অন্য কোনো বিধানে যাহা কিছু থাকুক না কেন, অন্যান্য আইনের বিধানাবলি ও যথাযথভাবে অবহিতকরণ সাপেক্ষে, মহাপরিচালক বা তৎকর্তৃক সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যুরের কোনো কর্মকর্তা বা কর্মচারী এই আইন বা বিধির অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদন করিবার উদ্দেশ্যে কোনো রেকর্ড, রেজিস্টার, দলিল বা এতদসংশ্লিষ্ট কোনো গুরুত্বপূর্ণ তথ্য পরীক্ষা, যাচাই-বাছাই বা সংগ্রহ করিবার জন্য কোনো ভবন বা স্থানে প্রবেশ করিবার অধিকারী হইবেন এবং সংশ্লিষ্ট ভবন বা স্থানের মালিক বা কর্তৃপক্ষ চাহিত তথ্য প্রদানে বাধ্য থাকিবেন। সরবরাহকৃত তথ্যাবলি সম্পূর্ণ গোপন রাখা হইবে এবং কোনো শিল্প কারখানার নাম উল্লেখ না করিয়া একই জাতীয় শিল্পের অন্যান্য রিটার্নসমূহের তথ্যাদির সহিত সংযোগ করিয়া এক সঙ্গে প্রকাশিত হইবে।

০৩। কোনো শিল্প কারখানা যদি ঐ বৎসরে আংশিকভাবেও চালু থাকে তথাপি তাহাকে কারখানার জমি, ঘর বা ভবন, মেশিন ও যন্ত্রপাতি, যানবাহন ও আসবাবপত্রের মূল্য এবং মজুদ কাঁচামাল, উৎপাদিত দ্রব্য ও কারখানার শ্রমিক, কর্মচারী যদি থাকে তাহাদের তথ্যাবলি দিতে হইবে।

০৪। এতদদ্বারা উৎপাদন শিল্প প্রতষ্ঠান জরিপ-২০২৫ রিটার্নের সঙ্গে ঐ বৎসরের লাভ-লোকসানের হিসাব বা পূর্ণ খতিয়ান সংবলিত এক কপি ব্যালেন্স সীট দাখিল করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

০৫। ফরম/তফসিল/প্রশ্নপত্র/রিটার্ন পূরণ সম্পর্কিত কোনো ব্যাখ্যা বা বিশ্লেষণ প্রয়োজন হলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং/এসএসআইএসএস প্রকল্প দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।

**সংযুক্তি:**

(১) উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ এর ফরম/তফসিল/প্রশ্নপত্র/রিটার্ন ০২(দুই) প্রস্থ।

**মোহাম্মদ মিজানুর রহমান**
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd

**আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।**
**শাখা-২**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ : ১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/১৬ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: **মেসার্স ফাওজান ট্রেড ইন্টারন্যাশনাল এর বাণিজ্যিক আইআরসি বাতিলের গণবিজ্ঞপ্তি।**

নং **২৬.০৩.২৬০০.০০০.০০২.২২.০০২৬.২৫.২৯০**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেসার্স ফাওজান ট্রেড ইন্টারন্যাশনাল ঠিকানা: ওয়ার্ড নং-০৪, পাঁচদোনা মোড়, পাঁচদোনা, মাধবদী, নরসিংদী সদর, নরসিংদী এর অনুকূলে এ দপ্তর হতে OLM এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১২৬৩৫৮২৫, তারিখ ২৪-০৮-২০২৫খ্রিঃ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ এবং ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি এতদ্বারা বাতিল করা হলো।

২। বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১২৬৩৫৮২৫, তারিখ : ২৪-০৮-২০২৫ খ্রিঃ এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করেনা এবং বাতিলকৃত আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

**মোহাম্মদ সুমন মাহবুব**
সহকারী নিয়ন্ত্রক।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।**

**আদেশ**

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.২০০০.২০২.৪৪.০১.২০২২.৭২৬৮**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রামে কর্মরত নিম্নোক্ত ছকে বর্ণিত রাজস্ব কর্মকর্তাগণ'কে কলাম (০৪) এ বর্ণিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো:

| **ক্র: নং** | **কর্মকর্তার নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** | **বর্তমান কর্মস্থল** | **বদলি/পদস্থকৃত কর্মস্থল** |
|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) |
| ১. | জনাব স্বপন কুমার বালা<br>জন্ম তারিখ: ০৩-০৩-১৯৮৮ | রাঙ্গামাটি বিভাগ | কাপ্তাই সার্কেল |
| ২. | জনাব মোঃ দাউদ হায়দার<br>জন্ম তারিখ: ০৩-১০-১৯৭০ | সদর দপ্তর, পূর্ণকালীন সংযুক্তি: রাঙ্গামাটি বিভাগ | রাঙ্গামাটি বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সাইফুর রহমান**

অতিরিক্ত কমিশনার
কমিশনারের পক্ষে।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: 10-DEC-25

নং **আরজেএসসি/ডি, এন/17318**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Favourite Agrovet Ltd. [KHC-2416] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Md Rokib Ahmad Rony**

Deputy Registrar
নিবন্ধকের পক্ষে।

**জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**'স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭'**
**(২০১৭ সনের ২১ নং আইন) এর**
**ভূমি অধিগ্রহণ কেস নং-০৭/২০২২-২০২৩**
**ঘোষণা**
**ফরম 'ঘ'**
**[ ১৩(২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে;

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি 'জরা-জীর্ণ অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পয়েন্টে বিদ্যমান বেইলী সেতু এবং আরসিসি সেতু প্রতিস্থাপন (ঢাকা জোন)' শীর্ষক প্রকল্পের আওতায় "চরডুমুরিয়া সেতু এবং সেতুর এপ্রোচ সড়ক" নির্মাণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**<u>তফশিল</u>**

জেলাঃ মুন্সীগঞ্জ, উপজেলাঃ মুন্সীগঞ্জ সদর, মৌজাঃ চর ডুমুরিয়া, জে. এল. নং-৭২

| দাগ নং (আরএস) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| (১) | (২) |
| ৪২৮(আং) | ০.২৬০০ |
| ৪৩০(আং) | ০.০৫৫০ |
| ৪৩১(আং) | ০.১৬৫০ |
| ৪৩৩(আং) | ০.২২০০ |
| ৩৮০(আং) | ০.১০৫০ |
| ৩৮১(আং) | ০.১০৫০ |
| ৩৮২(আং) | ০.০৯০০ |
| ৪৫৩(আং) | ০.০৭১৫ |
| ৪৫৪(আং) | ০.০২২৫ |
| ৪৫৭(আং) | ০.০২০০ |
| ৪৫৮(আং) | ০.০২৫০ |
| ৪৬৭(আং) | ০.০০২৫ |
| ৬৯৭ (পূর্ণ) | ০.০১০০ |
| ৬৮৫(আং) | ০.০১৭৫ |
| ৭৯৯(আং) | ০.০৬৭৫ |
| মোট= | ১.২৩৬৫ একর |

জেলাঃ মুন্সীগঞ্জ, উপজেলাঃ মুন্সীগঞ্জ সদর, মৌজাঃ টর্কিরচর, জে. এল. নং-৫৫

| দাগ নং (আরএস) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| (১) | (২) |
| ৩১৫০০ (আং) | ০.০২০০ |
| ৩১৫০১ (আং) | ০.০৬০০ |
| ৩১৫০২ (আং) | ০.১৬৫০ |
| ৩১৫০৩ (পূর্ণ) | ০.১৩০০ |
| ৩১৫০৪ (পূর্ণ) | ০.১৩০০ |
| ৩১৫০৫ (পূর্ণ) | ০.০৬০০ |
| ৩১৫০৬ (পূর্ণ) | ০.০৫০০ |
| ৩১৫০৭ (আং) | ০.০২০০ |
| ৩১৫০৮ (আং) | ০.০৪০০ |
| ৩১৫০৯ (আং) | ০.০২০০ |
| ৩১৫১০ (আং) | ০.০২০০ |
| মোট= | **০.৭১৫০ একর** |

**সর্বমোট (১.২৩৬৫+০.৭১৫০) = ১.৯৫১৫ একর।**

**শরীফ উল্যাহ**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**'স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩ (২) ধারা মোতাবেক এল.এ. মামলা নং-১৫/২০২৩-২০২৪**
**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

যেহেতু, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ২০১৭ এর ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি "মহামায়া ইকো-পার্কের জীব বৈচিত্র্য সংরক্ষণ ও প্রতিবেশ উন্নয়ন প্রকল্পের পার্কিং এরিয়া নির্মাণ" এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইলো এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইলো।

**তফসিল**

জেলা: চট্টগ্রাম, উপজেলা: মীরসরাই, মৌজা: পূর্ব মিঠানালা, জে. এল. নং-৫১

| বি, এস খতিয়ান নং | বি, এস দাগ নং | বাস্তব শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| বি, এস ৭৪৫ | ২৯৬ | নাল | ০.৪৩০০ | ০.৪৩০০ |
| বি, এস ৭২৫, সৃজিত ৩১৬৫ | ২৯৭ | নাল | ০.২০০০ | ০.০২৫৩ |
| বি, এস ৩২৭, ৩২৮ সৃজিত ২৪০৮, ১৯৩৯ | ২৯৮ | নাল | ০.৪২০০ | ০.৩৯০০ |
| বি, এস ৭২১, সৃজিত ২৮৭০, ৩০৮৮ | ৫৮৭ | চালা | ০.৬৪০০ | ০.৩০০০ |
| **সর্বমোট (একরে) = ১.১৪৫৩ একর** | | | | |

মীরসরাই উপজেলাধীন ৫১ নং পূর্ব মিঠানালা মৌজায় অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ=১.১৪৫৩ একর

(বিস্তারিত দাগসূচি ও ভূমির নক্সা এই কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় সংশ্লিষ্ট নথির সঙ্গে সংরক্ষিত আছে)।

**মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা**
জেলা প্রশাসক।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মুজিবনগর, মেহেরপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৫ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.৫৭৬০.০০০.০২০০৩.২৪-১০৪৫**—এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলাধীন ০১নং দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব এ, এস. এম মাহবুব আলম চেয়ারম্যান পদ হতে অব্যাহতি চেয়ে ২৫-১১-২০২৫ খ্রি.তারিখ রোজ মঙ্গলবার নিম্নস্বাক্ষরকারীর নিকট স্ব-ব্যাখ্যাত পদত্যাগপত্র দাখিল করেছেন। জনাব এ, এস. এম মাহবুব আলম, চেয়ারম্যান, ০১ নং দারিয়াপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩২(২) ধারা মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হয়েছে এবং একই আইনের ৩৫(১)(ঘ) মোতাবেক উক্ত চেয়ারম্যানের পদ শূন্য হয়েছে।

এমতাবস্থায়, আমি পলাশ মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ধারা ৩৫(২)(১) মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে মুজিবনগর উপজেলাধীন ০১নং দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ ২৫-১১-২০২৫ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**পলাশ মন্ডল**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখঃ 15-DEC-25

নং **আরজেএসসি/ডি, এন/17326**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, TRANSLATING EDITING AND WRITING SERVICES LTD. [C-154208] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Md. Rafiqul Islam**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।